গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
বিভাগীয় কার্যালয়, রংপুর।
www.srdi.rangpur.gov.bd

**মাসিক বিভাগীয় অভ্যন্তরীণ সমন্বয় সভা ফেব্রুয়ারি-২০২৬ এর কার্যপত্র**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: আব্দুল হালিম, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, রংপুর। |
| সভার তারিখ ও সময় | : | ২৪/০২/২০২৬ খ্রি. সকাল: ১০:০০ ঘটিকা |
| সভার স্থান | : | Zoom Platform |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভার আলোচ্যসূচী অনুযায়ী সভায় অংশগ্রহণকারী সকলকে সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন।

সভায় রবি মৌসুমে স্থাপনকৃত সুষম সারের ব্যবহার ভিত্তিক প্রায়গিক ট্রায়াল সমূহের অগ্রগতি ও মাঠ দিবস সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণ তাদের কাজের অগ্রগতি সম্পর্কে সভাপতি মহোদয়কে অবহিত করেন।

জনাব, মোছা: তৌফিকা তাহেরী, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, গাইবান্ধা বলেন, তার কার্যালয় হতে রবি মৌসুমে সুষম সারের ব্যবহার ভিত্তিক বারি সরিষা- ১৪ এর ২টি প্রায়গিক ট্রায়াল সাদুল্লাপুর উপজেলায় স্থাপন করা হয়েছিল। আগামী ২ মার্চ মাঠ দিবস অনুষ্ঠিত হবে। খরিপ-১ মৌসুমে গাইবান্ধা সদর উপজেলায় সুষম সারের ব্যবহার ভিত্তিক ব্রি ধান ২৮ ও ব্রি ধান ৮৯ এর আরও ২টি প্রায়গিক ট্রায়াল স্থাপন করা হয়েছে।

জনাব, মো: মশিউর রহমান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, লালমনিরহাট বলেন, তার কার্যালয়ের অধীন রবি মৌসুমে সুষম সারের ব্যবহার ভিত্তিক বারি সরিষা- ১৪ ও বারি সরিষা- ২০ এর ২টি প্রায়গিক ট্রায়াল রাজারহাট, কুড়িগ্রাম এ স্থাপন করা হয়েছিল। এর মধ্যে বারি সরিষা- ১৪ তে ১৭% ফলন বৃদ্ধি ও সারে ৮০০ টাকা সাশ্রয় হয়েছে। আগামী ২৫ ফেব্রুয়ারি বারি সরিষা- ২০ এর মাঠ দিবস অনুষ্ঠিত হবে।

জনাব, মো: ইব্রাহীম হোসেন, বৈজ্ঞানিক কর্মকর্তা, বিভাগীয় কার্যালয়, রংপুর বলেন, তার কার্যালয় হতে রবি মৌসুমে সুষম সারের ব্যবহার ভিত্তিক বারি সরিষা- ১৪ এর ২টি প্রায়গিক ট্রায়াল কাউনিয়া উপজেলায় স্থাপন করা হয়েছিল। আগামী ৩ মার্চ মাঠ দিবস অনুষ্ঠিত হবে। খরিপ-১ মৌসুমে রংপুর সদর উপজেলায় সুষম সারের ব্যবহার ভিত্তিক ব্রি ধান ৮৮ ও কৃষিবিদ- ১ (হাইব্রিড) জাতের আরও ২টি প্রায়গিক ট্রায়াল স্থাপন করা হয়েছে।

জনাব, মোছা: বেবী নাজনীন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, দিনাজপুর বলেন, তার কার্যালয় হতে রবি মৌসুমে সুষম সারের ব্যবহার ভিত্তিক বারি সরিষা- ১৪ (দিনাজপুর সদর) ও বারি আলু ২৫ (কাহারোল) এর ২টি প্রায়গিক ট্রায়াল স্থাপন করা হয়েছিল। বারি সরিষা- ১৪ এর মাঠ দিবস সম্পন্ন হয়েছে। খরিপ-১ মৌসুমে সুষম সারের ব্যবহার ভিত্তিক দিনাজপুর সদর উপজেলায় ব্রি ধান ৮২ ও চিরিরবন্দর উপজেলায় ব্রি ধান ৮৯ জাতের আরও ২টি প্রায়গিক ট্রায়াল স্থাপন করা হয়েছে।

জনাব, মো: আব্দুল গফুর, বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, ঠাকুরগাঁও বলেন তার কার্যালয় হতে রবি মৌসুমে সুষম সারের ব্যবহার ভিত্তিক আলু (কার্ডিনাল) ও ভূট্টা (পাইওনিয়ার) এর ২টি প্রায়গিক ট্রায়াল ঠাকুরগাঁও জেলার রাণীশংকৈল উপজেলায় স্থাপন করা হয়েছিল। আগামী ১ মার্চ আলুর মাঠ দিবস অনুষ্ঠিত হবে। খরিপ-১ মৌসুমে সুষম সারের ব্যবহার ভিত্তিক ঠাকুরগাঁও সদর উপজেলায় ব্রি ধান ৫৮ ও বালিয়াডাঙ্গি উপজেলায় ব্রি ধান ৮৮ জাতের আরও ২টি প্রায়গিক ট্রায়াল স্থাপন করা হয়েছে।

এছাড়াও সভায় ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থ বছরে জরিপকৃত উপজেলা সমূহের মৃত্তিকা নমুনার রাসায়নিক বিশ্লেষনের বর্তমান অবস্থা ও ২০২৫-২৬ অর্থ বছরে মুদ্রণের জন্য নির্ধারিত বিষয়ে আলোচনা করা হয়।

২০২৪-২৫ অর্থ বছরে জরিপকৃত উপজেলা সমূহের মৃত্তিকা নমুনা রাসায়নিক বিশ্লেষনের জন্য রংপুর বিভাগীয় গবেষণাগার ও দিনাজপুর আঞ্চলিক গবেষণাগারে দেয়া আছে। বিশ্লেষণের কাজ শেষ পর্যায়ে রয়েছে।

**এক নজরে ২০২৫-২০২৬ অর্থ বছরে জরিপকৃত উপজেলাসমূহের কাজের অগ্রগতি**

| ক্রমিক নং | উপজেলা | জেলা | সংগৃহিত নমুণা সংখ্যা ও নমুণার বর্তমান অবস্থান | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, কর্মস্থল | সহযোগী কর্মকর্তার নাম, পদবী, কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| ১. | ফুলবাড়ী | কুড়িগ্রাম | ৭৬টি নমুণা রংপুর বিভাগীয় গবেষণাগারে প্রেরণের জন্য প্রস্তুত করা হচ্ছে। | তৌফিকা তাহেরী<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, গাইবান্ধা | মো: ইব্রাহীম হোসেন<br>বৈজ্ঞানিক কর্মকর্তা<br>মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, রংপুর |
| ২. | নাগেশ্বরী | | ১৮৫টি নমুণা রংপুর বিভাগীয় গবেষণাগারে প্রেরণের জন্য প্রস্তুত করা হচ্ছে। চালান তৈরী করা হয়েছে। | মো: মোস্তফা আলী হাসান<br>বৈজ্ঞানিক কর্মকর্তা<br>মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, লালমনিরহাট | মো: মশিউর রহমান<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, লালমনিরহাট |
| ৩. | লালমনিরহাট সদর | লালমনিরহাট | ১৬৬টি নমুণা রংপুর বিভাগীয় গবেষণাগারে প্রেরণের জন্য প্রস্তুত করা হচ্ছে। চালান তৈরী করা হয়েছে। | মো: মশিউর রহমান<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, লালমনিরহাট | মো: মোস্তফা আলী হাসান<br>বৈজ্ঞানিক কর্মকর্তা<br>মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, ঠাকুরগাঁও |
| ৪. | বীরগঞ্জ | দিনাজপুর | ২০৫টি নমুণা দিনাজপুর আঞ্চলিক গবেষণাগারে প্রেরণের জন্য প্রস্তুত করা হচ্ছে। | মো: আব্দুল গফুর<br>বৈজ্ঞানিক কর্মকর্তা<br>মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, ঠাকুরগাঁও | তাপস কুমার ভট্রাচার্য<br>বৈজ্ঞানিক কর্মকর্তা<br>মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, দিনাজপুর |
| ৫. | ফুলবাড়ী | | ১১৭টি নমুণা রংপুর বিভাগীয় গবেষণাগারে প্রেরণের জন্য প্রস্তুত করা হচ্ছে। | মো: ইব্রাহীম হোসেন<br>বৈজ্ঞানিক কর্মকর্তা<br>মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, রংপুর | মোছা: বেবী নাজনীন<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, দিনাজপুর |
| ৬. | চিরিরবন্দর | | ১৭০টি নমুণা দিনাজপুর আঞ্চলিক গবেষণাগারে প্রেরণের জন্য প্রস্তুত করা হচ্ছে। | মোছা: বেবী নাজনীন<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, দিনাজপুর | তাপস কুমার ভট্রাচার্য<br>বৈজ্ঞানিক কর্মকর্তা<br>মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, দিনাজপুর |

**বিস্তারিত আলোচনার পর সর্ব-সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

| **সিদ্ধান্ত সমূহ** | **সিদ্ধান্ত বাস্তবায়নকারী** |
|---|---|
| ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব খাতের প্রায়োগিক গবেষণা ট্রায়াল প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী খরিপ-১ মৌসুমে প্রতিটি অফিসকে ২টি করে করতে হবে ও যথা সময়ে মাঠ দিবসের আয়োজন করতে হবে। | বিভগীয় কার্যালয় ও আওতাধীন আঞ্চলিক কার্যালয়সমূহ |
| জরিপকৃত উপজেলা সমূহের মৃত্তিকা নমুনা বিশ্লেষণের জন্য মার্চ, ২০২৬ খ্রি. এর মধ্যে গবেষণাগারে পাঠাতে হবে। | |
| রাজারহাট, রংপুর সদর ও দিনাজপুর সদরের খসড়া প্রতিবেদন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বিভাগীয় কার্যালয়, রংপুর মহোদয় এর নিকট সম্পাদনার জন্য জমা দেয়া হয়েছে। | |
| মার্চ, ২০২৬ এর মধ্যে ২০২৫-২৬ অর্থবছরে মুদ্রণের জন্য নির্ধারিত সকল উপজেলা নির্দেশিকার খসড়া প্রতিবেদন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মহোদয় এর নিকট সম্পাদনার জন্য জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। ঠাকুরগাঁও সদরের খসড়া প্রতিবেদন এপ্রিল, ২০২৬ খ্রি. এর মধ্যে জমা দিতে হবে। | |
| ২০২৫-২৬ অর্থবছরে মুদ্রণের জন্য নির্ধারিত সকল ইউনিয়ন সহায়িকা মুদ্রণের লক্ষ্যে খসড়া প্রতিবেদন সম্পাদনার জন্য প্রস্তুত করে মার্চ, ২০২৬ এর মধ্যে মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মহোদয় এর নিকট সম্পাদনার জন্য জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

০৫/০৩/২০২৬

(মো: আব্দুল হালিম)
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
ফোন ঃ ০২৫৮৮৮১০৬
srdi.rangpur@gmail.com